**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**
**মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা**
**www.cabinet.gov.bd**

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০৬০.১৭.১৭৫

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬ / ১০ মার্চ ২০২০

**বিষয়: করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে গঠিত কমিটির প্রজ্ঞাপন মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ এবং সকল জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিতকরণ।**

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নম্বর: ৪৫.১১০.০২.০০.০১.২০২০.২১৩ তারিখ: ০২.০৩.২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক গঠিত কমিটিতে সভাপতি হিসেবে যথাক্রমে জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অন্তর্ভুক্তিতে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপনের আলোকে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক কমিটির প্রজ্ঞাপন প্রকাশ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, কার্যপরিধি অনুযায়ী কমিটির সভা করে কার্যবিবরণী নিয়মিতভাবে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে তিন পৃষ্ঠা।

১০।৩।২০২০

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@ cabinet.gov.bd

১। জেলা প্রশাসক
… … … … … … (সকল); ও
২। উপজেলা নির্বাহী অফিসার
… … … … … … (সকল)।

**অনুলিপি:**

০১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ;
০২. বিভাগীয় কমিশনার (সকল); ও
০৩. উপসচিব, ই-গর্ভনেন্স, মন্ত্রিপরিষদ বিভাগ-বর্ণিত প্রজ্ঞাপন ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৪৫.১১০.০২.০০.০১.২০২০-২১৩ তারিখঃ ০২.০৩.২০২০খ্রিঃ

বিষয়ঃ করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে গঠিত কমিটি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের অভ্যন্তরে সম্ভাব্য করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে মাঠ প্রশাসনে কর্মরত জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে সভাপতি করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠিত হয়েছে।

বর্ণিতাবস্থায়, গঠিত কমিটির প্রজ্ঞাপন মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ পূর্বক সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে এ বিষয়ে বিশেষভাবে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ ০২(দুই) পাতা।

স্বাঃ/-
(শারমিন আক্তার জাহান)
উপসচিব (পার-২)
ফোনঃ ৯৫৪০৪৪৮
per2@hsd.gov.bd

অতিরিক্ত সচিব
মাঠ প্রশাসন
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১১০.০২.০০.০১.২০২০- তারিখঃ ০২.০৩.২০২০খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(শারমিন আক্তার জাহান)
উপসচিব (পার-২)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
<u>প্রশাসন অনুবিভাগ</u>

৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-২১১ তারিখ: ০১.০৩.২০২০ খ্রি:

## <u>প্রজ্ঞাপন</u>

বাংলাদেশের অভ্যান্তরে করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে স্থানীয় জেলা প্রশাসকের সভাপতিত্বে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| (১) জেলা প্রশাসক | -- সভাপতি |
| (২) পুলিশ সুপার | -- সদস্য |
| (৩) পরিচালক/তত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল/সদর হাসঃ | -- সদস্য |
| (৪) চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ | -- সদস্য |
| (৫) মেয়র, সদর পোরসভা | -- সদস্য |
| (৬) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | -- সদস্য |
| (৭) জেলা শিক্ষা কর্মকর্তা | -- সদস্য |
| (৮) জেলা তথ্য কর্মকর্তা | - -সদস্য |
| (৯) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | -- সদস্য |
| (১০) উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর | -- সদস্য |
| (১১) সিভিল সার্জন | -- সদস্য সচিব |

২। স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং জেলা পরিষদের চেয়াম্যান উক্ত কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

**কমিটির কার্যপরিধি:**

(১) এই কমিটি করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন করবে;

(২) করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সচেতনা সৃষ্টি, প্রয়োজনে কোয়ারেনটাইনসহ প্রয়োজনীয় আর্থিক ও লজিস্টিক সহায়তার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

(৩) করোনা ভাইরাস সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জাতীয় কমিটির পরামর্শ গ্রহণ করবে;

(৪) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০১/৩/২০২০

( মোঃ হাবিবুর রহমান খান )
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫৪০২৮২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন অনুবিভাগ

৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-২১২ তারিখ: ০১.০৩.২০২০ খ্রি:

## প্রজ্ঞাপন

বাংলাদেশের অভ্যন্তরে করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে উপজেলা পর্যায়ে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

| | |
|---|---|
| (১) উপজেলা নির্বাহী অফিসার | - সভাপতি |
| (২) থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | - সদস্য |
| (৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - সদস্য সচিব |
| (৪) সংশ্লিষ্ট পৌর মেয়র | - সদস্য |
| (৫) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | - সদস্য |
| (৭) উপজেলা শিক্ষা কর্মকর্তা | - সদস্য |
| (৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | -সদস্য |
| (৯) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | -সদস্য |
| (১০) উপজেলা সমাজসেবা কর্মকর্তা | -সদস্য |

২। স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং উপজেলা পরিষদ চেয়াম্যান উক্ত কমিটির উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

**কমিটির কার্যপরিধি:**

(১) এই কমিটি করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জেলা কমিটির সাথে সমন্বয় রেখে জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন করবে;

(২) করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে সচেতনা সৃষ্টি, প্রয়োজনে কোয়ারেনটাইনসহ আর্থিক ও লজিস্টিক সহায়তার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

(৩) করোনা ভাইরাস সংক্রান্ত যে কোন তথ্য পাওয়া গেলে তাৎক্ষণিক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ জেলা ও জাতীয় কমিটির পরামর্শ গ্রহণ করবে;

(৪) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণ করবে।

০১/৩/২০২০

(মোঃ হাবিবুর রহমান খান)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ফোনঃ ৯৫৪০২৮২